

তারিখ: ১৫.১১.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

বার্মিংহামের লর্ড মেয়রের সঙ্গে চসিক মেয়র ডা. শাহাদাত হোসেনের বৈঠক

গ্রীন-ক্লিন-হেলদি-সেইফ সিটি গঠনে সহযোগিতা বৃদ্ধির আলোচনা

চট্টগ্রামকে একটি গ্রীন, ক্লিন, হেলদি ও সেইফ সিটি হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ইংল্যান্ডের বার্মিংহাম সিটি কাউন্সিলের লর্ড মেয়র জাফর ইকবালের সঙ্গে সৌহার্দপূর্ণ বৈঠক করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। শূক্রবার বার্মিংহাম সিটি কাউন্সিল কার্যালয়ে অনুষ্ঠিত এই সৌজন্য বৈঠকে দুই নগরের নেতৃত্ব শূভেচ্ছা বিনিময় করেন এবং আধুনিক নগর উন্নয়ন নিয়ে দীর্ঘ আলোচনা করেন।

বৈঠকে মেয়র ডা. শাহাদাত হোসেন চট্টগ্রামের চলমান উন্নয়ন কার্যক্রম—বিশেষ করে আধুনিক বর্জ্য ব্যবস্থাপনা, সবুজায়ন, পরিবেশবান্ধব প্রযুক্তির ব্যবহার, নগর নিরাপত্তা এবং জলবায়ু-সহনশীল শহর গঠনের পরিকল্পনা—সম্পর্কে লর্ড মেয়রকে অবহিত করেন। তিনি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের দীর্ঘমেয়াদি নাগরিকবান্ধব উন্নয়ন পরিকল্পনাও তুলে ধরেন। লর্ড মেয়র বার্মিংহামের স্মার্ট সিটি অভিজ্ঞতা ও টেকসই নগর উন্নয়ন প্রক্রিয়া বিস্তারিতভাবে তুলে ধরে চট্টগ্রামের সঙ্গে জ্ঞান, প্রযুক্তি ও অভিজ্ঞতা বিনিময়ের আগ্রহ প্রকাশ করেন। তিনি চট্টগ্রামের সার্বিক উন্নয়ন অগ্রগতি ও মেয়রের নেতৃত্বে চলমান ইতিবাচক পরিবর্তনের প্রশংসা করেন। বৈঠকে উভয়পক্ষ ভবিষ্যতে স্মার্ট সিটি গভর্ন্যান্স ও ডিজিটাল উদ্ভাবন, জলবায়ু-সহনশীল নগর পরিকল্পনা, আধুনিক ও বৈজ্ঞানিক বর্জ্য ব্যবস্থাপনা, পরিবেশবান্ধব শহরের বিষয়ে সহযোগিতা বৃদ্ধির সম্ভাবনা নিয়ে আশাবাদ ব্যক্ত করেন। বৈঠকের চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন লর্ড মেয়রকে চট্টগ্রাম সফরের আমন্ত্রণ জানান। দুই নগর নেতৃত্বই ভবিষ্যতে সম্পর্ক আরও সুদৃঢ় করার প্রত্যাশা ব্যক্ত করেন।



ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে বাকলিয়ায় চসিকের বিশেষ ক্রাশ প্রোগ্রাম শুরু

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেনের নির্দেশে নগরজুড়ে ডেঙ্গু ও চিকুনগুনিয়া প্রতিরোধে বিশেষ সমন্বিত ক্রাশ প্রোগ্রাম পরিচালিত হচ্ছে। এর অংশ হিসেবে শনিবার চসিকের ১৮ নং ওয়ার্ডের কালা মিয়া বাজার ও আশপাশের এলাকায় ব্যাপক মশক নিধন, লার্ভা ধ্বংস, বর্জ্য অপসারণ ও পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হয়। চসিক কর্তৃপক্ষ জানায়, বছরের এই সময় ডেঙ্গুর ঝুঁকি বাড়ায় নগরের ২৫টি অতি ঝুঁকিপূর্ণ অঞ্চল চিহ্নিত করে সেখানে সক্রিয় মশক নিধন কার্যক্রম পরিচালিত হচ্ছে। সকাল থেকে বিকেল পর্যন্ত পৃথক দল মাঠে কাজ করছে। তারা শুধু প্রাপ্তবয়স্ক মশা ধ্বংসই নয়, বাসাবাড়ি, ড্রেন, নালা, দোকানপাট ও বাজার এলাকার জমে থাকা পানিতে থাকা লার্ভা নিধন ও অবরুদ্ধ পানি অপসারণ কার্যক্রমও পরিচালনা করছেন। এ ছাড়া জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে চসিকের পক্ষ থেকে মাইকিং, লিফলেট বিতরণ, ব্যক্তিগত সতর্কবার্তা প্রদানসহ এলাকায় এলাকায় বিশেষ নির্দেশনা প্রচার করা হচ্ছে। ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে নগরের বিভিন্ন ওয়ার্ডে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হচ্ছে। যেখানে অনিয়ন্ত্রিত পানি জমে থাকা, পরিবেশ অপরিচ্ছন্ন রাখা, বাসাবাড়ির ছাদে পানি সংরক্ষণসহ ঝুঁকিপূর্ণ কাজে জড়িতদের বিরুদ্ধে জরিমানা ও আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে। চসিক কর্মকর্তারা জানান, এই ক্রাশ প্রোগ্রামের মূল লক্ষ্য— মশক ঘনত্ব কমানো, ডেঙ্গুর প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে রাখা, নগরবাসীকে পরিচ্ছন্নতার অভ্যাসে সম্পৃক্ত করা। অভিযান চলাকালে উপস্থিত ছিলেন চসিকের ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা শরফুল ইসলাম মাহি, মেয়রের একান্ত সহকারী মারুফুল হক চৌধুরী (মারুফ), স্থানীয় গণ্যমান্য ব্যক্তি ও বিপুল সংখ্যক এলাকাবাসী। স্থানীয় বাসিন্দারা জানান, বর্ষা মৌসুমে বাজার এলাকাসহ বিভিন্ন গলিতে পানি জমে থাকায় মশার উপদ্রব বেড়ে গিয়েছিল। চসিকের এই ক্রাশ প্রোগ্রাম চালুর ফলে এলাকাবাসীর মধ্যে স্বস্তি ফিরে এসেছে। ভবিষ্যতেও চসিকের নির্দেশনা মেনে নিয়মিত পরিচ্ছন্নতা বজায় রাখার প্রতিশ্রুতি দেন তারা।

নিমতলা-সল্টগোলা সড়ক উন্নয়ন কাজ পরিদর্শন করলেন চসিক কর্মকর্তারা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন এর নির্দেশনায় কোভিড-১৯ প্রকল্পের আওতায় নিমতলা থেকে সল্টগোলা ক্রসিং পর্যন্ত সড়ক উন্নয়ন কাজ পরিদর্শন করেছেন চসিকের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব মো. আশরাফুল আমিন। শনিবার দুপুরে পরিদর্শনকালে তার সঙ্গে উপস্থিত ছিলেন প্রধান প্রকৌশলী আনিসুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী জসিম উদ্দিন, নির্বাহী প্রকৌশলী

আশিকুল ইসলাম, সহকারী প্রকৌশলী মো. আলীসহ অন্যান্য কর্মকর্তারা।পরিদর্শনকালে সংশ্লিষ্ট প্রকৌশলীদের নির্ধারিত সময়ের মধ্যে দ্রুত ও মানসম্মতভাবে কাজ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। কর্মকর্তারা রাস্তার বর্তমান অগ্রগতি, উপকরণ মান, ড্রেনেজ ব্যবস্থা এবং যান চলাচলের বিকল্প ব্যবস্থার সার্বিক বিষয় তদারকি করেন। চসিক কর্মকর্তারা আশা প্রকাশ করেন, কাজ শেষ হলে এই সড়ক দিয়ে দক্ষিণ শহরাঞ্চলের যান চলাচল আরও সহজ ও নিরাপদ হবে।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮